একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪.৭০৪ তারিখ: ১০-০১-২০২৪ খ্রি.

# ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য বিস্তারিত নির্দেশনা
## (সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসমূহের জন্য প্রযোজ্য)

**'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০২৪' অনুযায়ী নির্ধারিত ছকে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) আবেদন করতে হবে।**

০১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. (ক) ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীকে ২০২৩ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২১ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান অথবা ২০২২ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২০ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে শর্ত থাকে যে, শিক্ষার্থীকে এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০২ (দুই) বছরের মধ্যে এসএসসি/ 'ও' লেভেল/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(খ) ভর্তিচ্ছু শিক্ষার্থীকে নিয়মিত এসএসসি/'ও' লেভেল অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি /'এ' লেভেল অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও রসায়ন থাকতে হবে।

০৩. এসএসসি/ 'ও' লেভেল /সমমান এবং এইচএসসি /'এ' লেভেল/সমমান দুটি পরীক্ষায় জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে।

০৪. উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/ 'ও' লেভেল /সমমান এবং এইচএসসি 'এ' লেভেল/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

০৫. সকলের জন্যে এইচএসসি/ 'এ' লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৪.০ না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬. ১০০ (একশত) নম্বরের ১০০ (একশত)টি এমসিকিউ প্রশ্নের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা এইচএসসি/সমমান পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস: জীববিজ্ঞান ৩০; রসায়নবিদ্যা ২৫; পদার্থবিদ্যা ২০; ইংরেজি ১৫; সাধারন জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ) ১০। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। ভর্তিযোগ্য পরীক্ষার্থীদের মেধাক্রমসহ ফল প্রকাশ করা হবে।

০৭. এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ণ করা হবে:

(ক) এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন=৭৫ নম্বর (সর্বোচ্চ)

(খ) এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন= ১২৫ নম্বর (সর্বোচ্চ)

০৮. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অনুচ্ছেদ ০৭-এ বর্ণিত পদ্ধতিতে এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধাক্রম প্রণয়ন করা হবে।

০৯. পূর্ববর্তী বছরের এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর বাদ দিয়ে এবং পূর্ববর্তী বছরের সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ১০ (দশ) নম্বর বাদ দিয়ে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

১০. অনলাইনে আবেদন ফরম পূরন করার সময় নির্দেশাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষার ফি ১০০০/ (এক হাজার) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

১১. অনলাইনে আবেদন শুরুর তারিখ : ১১/০১/২০২৪ খ্রি. বৃহস্পতিবার সকাল ১০.০০ টা
১২. অনলাইনে আবেদনের শেষ তারিখ : ২৩/০১/২০২৪ খ্রি. মঙ্গলবার রাত ১১.৫৯ মিনিট
১৩. অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ : ২৪/০১/২০২৪ খ্রি. বুধবার রাত ১১.৫৯ মিনিট
১৪. প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট) : ০৫/০২/২০২৪ খ্রি. তারিখ হতে ০৭/০২/২০২৪ খি. তারিখ পর্যন্ত
১৫. ভর্তি পরীক্ষার তারিখ : ০৯/০২/২০২৪ খ্রি. শুক্রবার সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত

১৬. MBBS ভর্তির জন্য online ফরম পূরণের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট www.mefwd.gov.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে।

১৭. আবেদনপত্র প্রক্রিয়াকরণ,নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ণ, ফলাফল চূড়ান্তকরণ এবং পূনঃনিরীক্ষণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে। উত্তরপত্র "ওএমআর/আইসিআর" (OMR/ICR) মেশিনে পরীক্ষা করা হবে।

১৮. বাংলাদেশি নাগরিক যারা বিদেশি শিক্ষা ( O-Level/A-Level) কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কশীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন (স্বাস্থ্য অধিদপ্তর, পুরাতন ভবন, মেডিকেল এডুকেশন শাখার কক্ষ নং ২০৪) করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/'ও' লেভেল ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও সনদপত্র এবং নম্বরপত্র ও সনদপত্রসমূহের প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত কপি সাথে আনতে হবে।

১৯. বাংলাদেশ নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের নম্বরপত্রসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশের জন্য নির্ধারিত দূতাবাস/হাইকমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক আবশ্যিকভাবে সত্যায়িত হতে হবে। বাংলাদেশি কোনো প্রতিষ্ঠানে অধ্যয়ণকারী বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি পাসপোর্টধারী শিক্ষার্থীগণ কোনোভাবেই বিদেশী শিক্ষার্থী হিসাবে ভর্তির জন্য বিবেচিত হবেন না। তবে যাদের দ্বৈত নাগরিকত্ব রয়েছে তারা বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করে জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

২০. বাংলাদেশি নাগরিক শিক্ষার্থী এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর দেশের বাহিরে এমবিবিএস কোর্সে অধ্যয়ণ করতে চাইলে বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ পূর্বক ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে।

২১. কোটার ক্ষেত্রে 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৪' এর বিধি-বিধান প্রযোজ্য হবে।

২২. পরীক্ষার্থীর যে কোনো কেন্দ্র হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ সমান সুযোগ নিশ্চিত করে।

**২৩. <u>অনলাইন আবেদন পূরণের নিয়মাবলি:</u>**

২৩.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালোভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুয়ায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে। ভর্তি ফরম পুরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

২৩.২ Website এ আবেদনপত্র পূরণের পূর্বে নিম্নেবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সাথে রাখতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ করার সময় টেলিটক প্রি-পেইড নম্বর থেকে ১০০০/- (এক হাজার) টাকা পরীক্ষার ফি অবশ্যই জমা দিতে হবে। ফি জমা দেয়ার পর দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

২৩.৩ (১) 300×300 pixel মাপের নিজের একটি রঙ্গিন ছবি (jpg) আপলোড দিতে হবে। ফাইলের সাইজ 100 kb এর বেশী হবে না। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)

(২) 300×80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর

**<u>উল্লিখিত বিষয় (ছবি ও স্বাক্ষর) প্রয়োজনীয় মাপে তৈরি করা ও মিলিয়ে দেখার জন্য Home Page এ একটি Link দেয়া আছে।</u>**

২৩.৪ এজন্য ২৩.৩- এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website-এ ঢুকবেন) অথবা Pendrive-এ পূর্ব থেকে সংরক্ষণ করতে হবে।

২৩.৫ ইংরেজিতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি) লিখিতভাবে নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

২৩.৬ ভর্তিচ্ছু মেডিকেল কলেজসমূহের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে। কলেজ কোডগুলো ১১ থেকে ৪৭ (সরণি-২ দ্রষ্টব্য) জানা থাকতে হবে। **অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন দাখিলের সময় প্রার্থীর সকল সরকারি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক।**

**সারণি-১: এমবিবিএস (সরকারি) মোট আসন সংখ্যার বিবরণ**

| | | |
|---|---|---|
| General Seats | 5233 | MBBS |
| Freedom Fighter Quota Seats (2%) | 108 | Grand Total 5380 |
| Tribal (3 Hill Tracts) 3x3 | 09 | |
| Non-Tribal (3 Hill Tracts) | 03 | |
| Tribal (Other districts) | 08 | |
| Tribal Reserved for Rangamati Medical College | 19 | |

**সারণি-২: বিভিন্ন মেডিকেল কলেজের নাম ও আসন সংখ্যা**

| College Code | College Name | Year of Estd. | General Seats | Freedom Fighter Seats | Tribal Seats | Total Seats |
|---|---|---|---|---|---|---|
| 11 | Abdul Malek Ukil Medical College, Noakhali. | 2008 | 97 | 2 | 1 | 100 |
| 12 | Bangabandhu Medical College, Sunamganj | 2020 | 73 | 1 | 1 | 75 |
| 13 | Bangabandhu Sheikh Mujib Medical College, Faridpur | 1992 | 196 | 4 | 0 | 200 |
| 14 | Chandpur Medical College, Chandpur | 2018 | 73 | 1 | 1 | 75 |
| 15 | Chattogram Medical College, Chattogram | 1962 | 245 | 5 | 0 | 250 |
| 16 | Colonel Malek Medical College, Manikganj | 2014 | 121 | 3 | 1 | 125 |
| 17 | Cox's Bazar Medical College, Cox's Bazar | 2008 | 97 | 2 | 1 | 100 |
| 18 | Cumilla Medical College, Cumilla | 1992 | 196 | 4 | 0 | 200 |
| 19 | Dhaka Medical College, Dhaka | 1948 | 245 | 5 | 0 | 250 |
| 20 | Jashore Medical College, Jashore | 2010 | 97 | 2 | 1 | 100 |
| 21 | Khulna Medical College, Khulna | 1992 | 196 | 4 | 0 | 200 |
| 22 | Kushtia Medical College, Kushtia | 2011 | 97 | 2 | 1 | 100 |
| 23 | M Abdur Rahim Medical College, Dinajpur | 1992 | 196 | 4 | 0 | 200 |
| 24 | M.A.G. Osmani Medical College, Sylhet | 1962 | 245 | 5 | 0 | 250 |
| 25 | Magura Medical College, Magura | 2018 | 73 | 1 | 1 | 75 |
| 26 | Mugda Medical College, Mugda, Dhaka | 2015 | 98 | 2 | 0 | 100 |
| 27 | Mymensingh Medical College, Mymensingh | 1962 | 245 | 5 | 0 | 250 |
| 28 | Naogaon Medical College, Naogaon | 2018 | 73 | 1 | 1 | 75 |
| 29 | Netrokona Medical College, Netrokona | 2018 | 72 | 2 | 1 | 75 |
| 30 | Nilphamari Medical College, Nilphamari | 2018 | 72 | 2 | 1 | 75 |
| 31 | Pabna Medical College, Pabna | 2008 | 98 | 2 | 0 | 100 |
| 32 | Patuakhali Medical College, Patuakhali | 2014 | 72 | 2 | 1 | 75 |
| 33 | Rajshahi Medical College, Rajshahi | 1962 | 245 | 5 | 0 | 250 |
| 34 | Rangamati Medical College, Rangamati | 2014 | 53 | 2 | 1+19 (HT resv) | 75 |
| 35 | Rangpur Medical College, Rangpur | 1972 | 245 | 5 | 0 | 250 |
| 36 | Sathkhira Medical College, Sathkhira | 2011 | 97 | 2 | 1 | 100 |
| 37 | Shaheed M Monsur Ali Medical College, Sirajganj | 2014 | 97 | 2 | 1 | 100 |
| 38 | Shaheed Suhrawardy Medical College, Dhaka | 2005 | 226 | 4 | 0 | 230 |
| 39 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj | 2011 | 97 | 2 | 1 | 100 |
| 40 | Shaheed Taj Uddin Ahmad Medical College, Gazipur | 2013 | 98 | 2 | 0 | 100 |
| 41 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura | 1992 | 196 | 4 | 0 | 200 |
| 42 | Sher-E-Bangla Medical College, Barisal | 1968 | 245 | 5 | 0 | 250 |
| 43 | Sheikh Hasina Medical College , Hobiganj | 2017 | 97 | 2 | 1 | 100 |
| 44 | Sheikh Hasina Medical College, Jamalpur | 2014 | 97 | 2 | 1 | 100 |
| 45 | Sheikh Hasina Medical College, Tangail | 2014 | 97 | 2 | 1 | 100 |
| 46 | Sheikh Sayera Khatun Medical College, Gopalganj | 2011 | 121 | 3 | 1 | 125 |
| 47 | Sir Salimullah Medical College, Dhaka | 1972 | 245 | 5 | 0 | 250 |
| | | Total | 5233 | 108 | 20+19 | 5380 |

২৩.৭ ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে সারণি-৩ প্রয়োজন হবে।

| সারণি-৩ পরীক্ষা কেন্দ্রর নাম ও কোড | | |
|---|---|---|
| Center Code | Examination Centre | |
| 13 | Bangabandhu Sheikh Mujib Medical College, Faridpur. | |
| 15 | Chattogram Medical College, Chattogram | |
| 18 | Cumilla Medical College, Cumilla | |
| 19 | Dhaka Medical College, Dhaka | |
| 21 | Khulna Medical College, Khulna | |
| 23 | M Abdur Rahim Medical College, Dinajpur | |
| 24 | M.A.G. Osmani Medical College, Sylhet | |
| 26 | Mugda Medical College, Dhaka | |
| 27 | Mymensingh Medical College, Mymensingh | |
| 31 | Pabna Medical College, Pabna | |
| 33 | Rajshahi Medical College, Rajshahi | |
| 35 | Rangpur Medical College, Rangpur | |
| 42 | Sher-E-Bangla Medical College, Barishal | |
| 38 | Shaheed Suhrawardy Medical College, Dhaka | |
| 39 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj | |
| 41 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura | |
| 46 | Sheikh Sayera Khatun Medical College, Gopalganj | |
| 47 | Sir Salimullah Medical College, Dhaka | |
| 99 | Dhaka Dental College, Dhaka | |

২৩.৮ উপর্যুক্ত তথ্যগুলি ও সাথে এ নিয়মাবলির একটি কপি প্রস্তুত থাকলে **http://dgme.teletalk.com.bd** ক্লিক করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলির একটি সংযোগ দেখা যাবে, সেখানে ক্লিক করে বিস্তারিত পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরত আসতে হবে।

২৩.৯ এখানে দুটি অপশন আছে। যারা এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ করেছে তাদের জন্য একটি, অপরটি যারা O-Level/A-Level বা বিদেশ থেকে পাশ করেছে তাদের জন্য। দ্বিতীয় ধরনের প্রার্থীদের পরিচালক, চিকিৎসা শিক্ষা ( Director, Medical Education), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী-এর কাছ থেকে আবেদনপত্র পূরণের পূর্বেই Equivalence Certificate ID সংগ্রহ করতে হবে। ID ছাড়া ফরম পূরণ করা যাবে না।

২৩.১০ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে Next হাইলাইট হবে এবং সেটা ক্লিক করুন। দ্বিতীয় পৃষ্ঠা আসবে।

২৩.১১ এখানে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান ইত্যাদি Roll number, Registration Number, Board Year পূরণ করতে হবে। প্রার্থীর উপজাতীয় কোটায় সুযোগ থাকলে Tribal applicant or a non-tribal applicant from Hill tract's অপশনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতি সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবে না এবং উপজাতীয় কোটায় নির্ধারিত GPA ৮.০০ কার্যকরী হবে না।

**উপজাতি/পার্বত্য জেলার অ-উপজাতি কোটায় আবেদনকারী প্রার্থীদের উপজাতি/পার্বত্য জেলার অ-উপজাতি সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে; স্মারক নম্বর/সনদের নম্বর ও তারিখ ছাড়া উপজাতি/পার্বত্য জেলা অ-উপজাতি কোটায় অনলাইনে এন্ট্রি হবে না।** কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তির সুযোগ বাতিল হয়ে যাবে। উপজাতি কোটাসমূহের কোড ৪নং সারণিতে দেয়া আছে।

| সারণি-৪: উপজাতি প্রার্থীদের জন্য কোড | |
|---|---|
| Code | Quota Name |
| 71 | Rangamati Tribal |
| 72 | Rangamati Non-Tribal |
| 73 | Khagra Chari Tribal |
| 74 | Khagra Chari Non-Tribal |
| 75 | Bandarban Tribal |
| 76 | Bandarban Non-Tribal |
| 77 | Tribal other than Hill-Tracts |

২৩.১২ এখানে কোনো কিছু ভুল হলে Reset ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব তথ্য সঠিকভাবে পূরণ পূর্বক Next ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।

২৩.১৩ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডসমূহ এবং গ্রেড পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে (O'Level/A'Level প্রার্থীরা অপশনে গিয়ে নিজে পূরণ করবেন)। ভর্তিচ্ছুক শিক্ষার্থীর পিতা ও মাতার বাৎসরিক আয় আলাদা আলাদা ভাবে ড্রপ ডাউন বক্স থেকে আবশ্যিক ভাবে পুরণ করতে হবে।

২৩.১৪ পরীক্ষার সময় ইংরেজি প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজি অপশন পূরণ করতে হবে।

২৩.১৫ Home District পূরণ করতে হবে।

২৩.১৬ পূর্বের পৃষ্ঠায় Tribal Quota এ ক্লিক করে থাকলে, এখানে Tribal Quota লিস্ট (সারণি-৪) থেকে একটি নির্বাচন করতে হবে।

২৩.১৭ মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেট নম্বর অনলাইন আবেদনে দাখিল করতে হবে। এই কোটায় উত্তীর্ণ প্রার্থীগণ ভর্তির সময় স্ব-স্ব কলেজ কর্তৃপক্ষের নিকট তালিকা/গেজেট প্রদর্শন করবেন। চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত শিক্ষার্থীদের উল্লিখিত কোটার প্রমানকসমূহ মেডিকেল কলেজ কর্তৃপক্ষ বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এর http://mis.molwa.gov.bd/freedom-fighter-list লিংক এ বর্ণিত প্রমাণক/গেজেট যাচাইপূর্বক মুক্তিযোদ্ধার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হবেন। প্রমাণক ভুল প্রমাণিত হলে মেডিকেল কলেজে ভর্তির যোগ্য বিবেচিত হবে না।

২৩.১৮ এরপর Present Address এবং Permanent Address পূরণ করতে হবে। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

২৩.১৯ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালিন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। প্রয়োজনে যোগাযোগের জন্য দ্বিতীয় ঘরে আরেকটি মোবাইল নম্বর দিতে হবে।

২৩.২০ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম পাশের কলেজের লিস্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে সকল কলেজগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। **প্রার্থীকে সকল সরকারি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করতে হবে।**

২৩.২১ এবার পূর্ব থেকে তৈরি করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

২৩.২২ Validation Code যেভাবে দেওয়া আছে সেভাবে টাইপ করতে হবে।

২৩.২৩ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে Submit ক্লিক করতে হবে।

২৩.২৪ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে রয়েছে।

২৩.২৫ এই পৃষ্ঠায় একটি USER ID. নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক প্রি-পেইড নম্বর থেকে অনলাইন আবেদনের ফি জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষরসহ সকল তথ্য দেখা যাবে। এই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে। কেননা এই ছবি ও স্বাক্ষরেই তিনি সর্বত্র পরিচিত হবেন।

২৩.২৬ এ পৃষ্ঠায় যদি কোনো ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। **একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই।**

২৩.২৭ টেলিটক প্রি-পেইড নম্বরের মাধ্যমে ফি জমা দেয়ার পর USER ID. এবং PASSWORD পাওয়া যাবে, যা উভয় মোবাইল নম্বরে আসবে। আবেদনপত্র পূরণের সময় স্টার চিহ্নিত মোবাইল নম্বরটি যে কোনো অপারেটরের মোবাইল হতে পারে। USER ID. ও PASSWORD দিয়ে ০৫/০২/২০২৪ খ্রি. সোমবার থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। এক্ষেত্রে টেলিটক বাংলাদেশ লিঃ থেকে এ বিষয়ে এসএমএস প্রাপ্তির পর প্রবেশপত্র ডাউন লোড করা বাঞ্ছনীয়। প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জলছাপ সন্নিবেশ থাকবে। এজন্য প্রবেশপত্রের রঙ্গিন প্রিন্ট গ্রহন করতে হবে।

ফি জমা দেয়ার পদ্ধতি:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBS লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

উদাহরন: MBBS<Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID

এরপর, ফিরতি SMS এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ১০০০/(এক হাজার) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে।

সম্মতি দেয়ার জন্য নিম্নোক্ত ভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

Message অপশনে গিয়ে MBBS লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ চারটি Centre Code (১নং সারণি দ্রষ্টব্য( ,) দিয়ে (উদাহরণ: নিচে দেওয়া হলো) লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরণ: MBBS<Space>YES<Space>456789<Space>19,38,47,26 টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং 19,38,47,26 নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিকভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID ও Password দেওয়া হবে।

২৩.২৮ ০৫.০২.২০২৪ খ্রি. সোমবার থেকে প্রার্থী উক্ত USER ID ও PASSWORD দিয়ে তার প্রবেশ পত্র Download করে প্রিন্ট করে নিতে পারবেন। প্রবেশপত্র ডাউনলোড করার বিষয়ে প্রত্যেক পরীক্ষার্থীকে টেলিটক থেকে এসএমএস প্রদান করা হবে। প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জল ছাপ সন্নিবেশ থাকবে। প্রবেশপত্র হারিয়ে গেলে পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।

২৩.২৯ কারিগরি সহায়তার জন্য যে কোনো টেলিটক নম্বর হতে ১২১ অথবা অন্য যে কোনো অপারেটর থেকে ০১৫০০১২১১২১ নম্বরে এ রাত দিন ২৪ ঘন্টা কল করা যাবে।

২৩.৩০ পরীক্ষার্থীকে বল পয়েন্ট কলম ও Download করা রঙ্গিন প্রবেশ পত্র এবং এইচএসসি/সমমান পরীক্ষার Registration ফরম পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে। পরীক্ষার হলে মোবাইল ফোন, কোন ধরনের ডিজিটাল ডিভাইস, ক্যালকুলেটর, হাতঘড়ি বা পকেটঘড়ি নিয়ে প্রবেশ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। প্রার্থীকে অসুদপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে অথবা অন্যের সাহায্য নিতে অথবা অন্যকে সাহায্য করতে দেখা গেলে সংশ্লিষ্ট পরীক্ষারর্থীর বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা নেওয়া হবে এবং তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

২৪. কোনো আবেদনকারী পূর্ববর্তী বছরে সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ইউনিট ভর্তি হয়ে থাকলে অনলাইন ফরম পূরণ করার সময় সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটের ভর্তির অপশনে অবশ্যই " YES'' ক্লিক করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের আবশ্যিকভাবে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। যদি কেউ তথ্য গোপন করে " NO'' অপশনে ক্লিক করেন এবং তা পরবর্তীতে প্রমাণিত হয় সে ক্ষেত্রে ভর্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২৫. জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:**

২৫.১ সরকারি মেডিকেল কলেজ-এ ভর্তির জন্য মুক্তিযোদ্ধা, উপজাতি ও অ-উপজাতিদের জন্য নির্ধারিত আসন বাদে অবশিষ্ট আসনে জাতীয় মেধায় প্রার্থী নির্বাচন করা হবে। এ ছাড়া যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকাও প্রকাশ করা হবে। সংরক্ষিত আসনসমূহে ও নিজ নিজ শ্রেণির দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোনো কলেজে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয় পদ্ধতিতে নির্ধারণ করা হবে।

২৫.২ পরীক্ষার ফল প্রার্থীর মোবাইলে SMS মাধ্যমে জানানো হবে। এছাড়া স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে www.dgme.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে www.dghs.gov.bd হতে পরীক্ষার ফল জানা যাবে।

২৫.৩ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ২% আসন মোট আসনের মধ্যে সীমিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানগণ আবেদন করতে পারবে।

২৫.৪ সরকারি মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের অব্যবহিত পরের দিন বেসরকারি মেডিকেল কলেজের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। তবে ভর্তি পরীক্ষার ৪০ নম্বরের নিচে প্রাপ্ত পরীক্ষার্থীগণ কোনোভাবেই ভর্তির আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।

**২৬. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে। যেমন-**

২৬.১ এসএসসি/'ও' লেভেল ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

২৬.২ এসএসসি/'ও' লেভেল ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/প্রশংসাপত্র।

২৬.৩ স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের সনদ।

২৬.৪ জন্ম নিবন্ধন সনদের কপি।

২৬.৫ ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

২৬.৬ পার্বত্য জেলার উপজাতি প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চিফ ও জেলাপ্রশাসকের সনদ এবং অ-উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চিফ বা জেলাপ্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলাপ্রশাসক প্রদত্ত সনদপত্র।

২৬.৭ মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখঃ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।

২৭. কোনো শিক্ষার্থী/আবেদনকারি মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটা ভুল করে পুরণ করলে সাথে সাথেই নতুনভাবে (টাকা জমা দেওয়ার পূর্বে) ফরম পুরণ করতে হবে। কারণ, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে, পরবর্তীতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারণ কোটায় বরাদ্দের কোনো সুযোগ থাকবে না।

২৮. ভর্তির পর সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষার পর সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে যাচাই করবেন।

২৯. সরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে শূণ্য আসনসমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মাইগ্রেশন আবেদন, মেধাস্থান ও মাইগ্রেশন আবেদনে উল্লিখিত কলেজ পছন্দ অনুযায়ী সফটওয়্যারের মাধ্যমে পরপর সর্বোচ্চ তিনবার কলেজ পরিবর্তনের সুযোগ পাবে। প্রত্যেক মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূণ্য আসনসমূহ যে কোটা হতে আসন খালি হবে সে কোটার অপেক্ষমাণ তালিকা হতে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে পুরণ করা হবে। তৃতীয় দফা মাইগ্রেশনের পর ভর্তি বাতিল/ভর্তি না হওয়া ইত্যাদি কারণে শূণ্য আসনে অপেক্ষমাণ তালিকা হতে ভর্তি করা যাবে না। মাইগ্রেশন পরবর্তী চূড়ান্ত ভর্তি সম্পন্নের পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্ণশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ হতে অন্য মেডিকেল কলেজে বদলি করা যাবে না।

৩০. এমবিবিএস কোর্স বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সকলের জন্য বাধ্যতামূলক। **কোনোভাবেই অন্য মেডিকেল কলেজে ইন্টার্নশীপ মাইগ্রেশন করা যাবে না।**

৩১. নিবাচিত শিক্ষার্থীদের ভর্তির পর দেশের প্রচলিত আইন মেনে চলতে হবে। শৃঙ্খলা পরিপন্থি অভিযোগ প্রমানিত হলে সংশ্লিষ্ট মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিল এর সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

৩২. পরীক্ষায় অবতীর্ণ/উত্তীর্ণ/নির্বাচিত কোনো প্রার্থীর দেয়া তথ্য(যা ফলাফল নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি যে কোনো সময় বাতিল বলে গন্য হবে।

৩৩. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।

**অধ্যাপক ডাঃ মোঃ মহিউদ্দিন মাতুব্বর**
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
e-mail: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪.৭০৪ তারিখ: ১০-০১-২০২৪ খ্রি.

০১. মাননীয় মন্ত্রী , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
০২. মাননীয় মন্ত্রী , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
০৩. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
০৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
০৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
০৭. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
০৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
০৯. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ: পরিচালক, আইও বিভাগ)
১০. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১৩. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা
১৫. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৬. উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৭. উপাচার্য, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৮. উপাচার্য, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা ।
১৯. উপাচার্য, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
২০. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
২১. উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
২২. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
২৩. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
২৪. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, প্রশাসন-১)
২৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)
২৬. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি (২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ)
২৭. আহবায়ক, ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার ওভার সাইট কমিটি
২৮. সভাপতি, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৩-২০২৪
২৯. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৩১. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা
৩২. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. অতিরিক্ত মহাপরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩৪. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩৫. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা/উপ পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৩৬. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৩৭. অধ্যক্ষ (সকল সরকারী মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ): আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী(কোড: ১১), বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ(কোড: ১২), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ,ফরিদপুর(কোড: ১৩), চাঁদপুর মেডিকেল কলেজ(কোড: ১৪), চট্টগ্রাম মেডিকেল কলেজ(কোড: ১৫), কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ(কোড: ১৬), কক্সবাজার মেডিকেল কলেজ(কোড: ১৭), কুমিল্লা মেডিকেল কলেজ(কোড: ১৮), ঢাকা মেডিকেল কলেজ(কোড: ১৯), যশোর মেডিকেল কলেজ(কোড: ২০), খুলনা মেডিকেল কলেজ(কোড: ২১), কুষ্টিয়া মেডিকেল কলেজ(কোড: ২২), এম আব্দুর রহিম মেডিকেল কলেজ, দিনাজপুর(কোড: ২৩), এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট(কোড: ২৪), মাগুরা মেডিকেল কলেজ(কোড: ২৫), মুগদা মেডিকেল কলেজ(কোড: ২৬), ময়মনসিংহ মেডিকেল কলেজ (কোড: ২৭), নওগাঁ মেডিকেল কলেজ (কোড: ২৮) , নেত্রকোনা মেডিকেল কলেজ (কোড: ২৯), নীলফামারী মেডিকেল কলেজ (কোড: ৩০), পাবনা মেডিকেল কলেজ (কোড: ৩১), পটুয়াখালী মেডিকেল কলেজ (কোড: ৩২), রাজশাহী মেডিকেল কলেজ (কোড: ৩৩), রাঙ্গামাটি মেডিকেল কলেজ (কোড: ৩৪)।, রংপুর মেডিকেল কলেজ (কোড: ৩৫), সাতক্ষীরা মেডিকেল কলেজ(কোড: ৩৬), শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ (কোড: ৩৭), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ(কোড: ৩৮), শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ (কোড: ৩৯), শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর (কোড: ৪০), শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া (কোড: ৪১), শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল (কোড: ৪২), শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ (কোড: ৪৩), শেখ হাসিনা মেডিকেল কলেজ, জামালপুর (কোড: ৪৪), শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাংগাইল (কোড: ৪৫), শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ (কোড: ৪৬), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা(কোড: ৪৭) ও অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ (কোড: ৯৯)।
৩৮. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৯. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধি শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. অধ্যক্ষ,......................................................................বেসরকারী মেডিকেল কলেজ (সকল)
৪৩. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৪৪. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৪৫. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৪৬. অফিস কপি।

১০/১/২০২৪


অধ্যাপক ডাঃ মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com